দৈনিক বাংলা

তারিখ 30 DEC 1993
পৃষ্ঠা ৪ কলাম ৮

৩।

# ঢাকা ভার্সিটি শিক্ষক সমিতির সভা ঃ জানুয়ারীতে কর্মসূচী

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির এক সভা বুধবার সমিতির সহ-সভাপতি সাইদ-উর রহমানের সভাপতিত্বে ক্লাব ভবনে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন অধ্যাপক আসম শহীদুল্লাহ, অধ্যাপক এ কে আজাদ চৌধুরী, অধ্যাপক মোঃ মোস্তফা চৌধুরী, ডঃ মাহফুজুর রহমান, অধ্যাপক কেএএম সা'দউদ্দীন, অধ্যাপক সৈয়দ আহমেদ খান, অধ্যাপক রংগলাল সেন, ফেরদৌস হোসেন ও আরিফ উল্লাহ।

সভায় ঢাকা, রাজশাহী, চট্টগ্রাম ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের গণতান্ত্রিক আইন সংশোধন করার জন্য শিক্ষাবিষয়ক স্থায়ী কমিটির সিদ্ধান্ত গ্রহণের ফলে উদ্ভূত পরিস্থিতি নিয়ে আলোচনা করা হয়। সভায় ঢাকা বিশ্ববিদ্যালয় আইন ১৯৭৩ প্রবর্তনের পটভূমি ও শিক্ষার সুষ্ঠু পরিবেশ গড়ে তোলায় এই আইনের ইতিবাচক ভূমিকা ব্যাখ্যা করা হয়। সভায় এই চারটি বিশ্ববিদ্যালয়ের গণতান্ত্রিক আইন সংশোধন করার সিদ্ধান্ত গ্রহণ করার তীব্র নিন্দা প্রকাশ করা হয়। এর প্রতিবাদে শিক্ষকগণ জানুয়ারী মাসের প্রথম সপ্তাহে একটি প্রতিবাদ মিছিল বের করার সিদ্ধান্ত গ্রহণ করে। খবর বিজ্ঞপ্তির।